গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
www.blwf.gov.bd

# বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের পরিচালনা বোর্ডের ২২ তম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | বেগম মন্নুজান সুফিয়ান, এম.পি<br>প্রতিমন্ত্রী<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : | ২০ সেপ্টেম্বর ২০২০, দুপুর ১২:০০ টায় |
| স্থান | : | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভা কক্ষ। |

সভার উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট -'ক' দ্রষ্টব্য।

সভার শুরুতে পরিচালনা বোর্ড সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি কর্তৃক সভার কার্যক্রম আলোচ্যসূচী অনুযায়ী শুরু করার জন্য বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের মহাপরিচালককে অনুরোধ করা হয়। প্রথমেই মহাপরিচালক বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কার্যবিবরণীর উপর কারো কোন দ্বিমত না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অত:পর মহাপরিচালক ২১তম বোর্ড সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর একটি প্রতিবেদন পেশ করেন। পরবর্তীতে ২২তম বোর্ড সভার কার্যপত্র উপস্থাপন করা হয়। উভয় বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলো।

| ক্রমিক নং | আলোচ্য সূচী | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | গত ১৮ ডিসেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | ১৮ ডিসেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যায়। | বোর্ড সভার কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। |
| ০২. | বাজেট অনুমোদন | বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন এর ২০২০-২০২১ অর্থ বৎসরের প্রস্তাবিত বাজেটটি অদ্যকার বোর্ড সভায় সদয় অবগতি ও ১লা জুলাই ২০২০ থেকে ভূতাপেক্ষ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। মহাপরিচালক বাজেটে উল্লেখিত প্রতিটি খাত ভিত্তিক বরাদ্দের বিষয়ে অবহিত করেন। বাজেটে প্রশাসনিক ব্যয় হ্রাস এবং আর্থিক অনুদানের খাতে বরাদ্দ বৃদ্ধি পাওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। অর্থ মন্ত্রণালয় কর্তৃক গাড়ী ক্রয়ে নিষেধাজ্ঞা থাকায় প্রস্তাবিত বাজেট হতে যানবাহন ক্রয় ও মেরামত খাত বাদ দেয়ার বিষয়ে প্রস্তাব করা হয়। এর পরিবর্তে ২টি গাড়ি ভাড়া করার বিষয়ে বলা হয়। ০১টি মানসম্মত জিপ গাড়ী মহাপরিচালকের জন্য এবং ০১টি মানসম্মত মাইক্রোবাস অফিসের কর্মকর্তা-কর্মচারীদের জন্য ভাড়া করা হবে। এ খাতে ৩৫ লক্ষ টাকা বাজেট বরাদ্দের বিষয়ে আলোচনা হয়। | মহাপরিচালকের জন্য ০১টি মানসম্মত জিপ গাড়ী এবং অফিসের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীদের জন্য ০১টি মানসম্মত মাইক্রোবাস মোট ২টি গাড়ি ভাড়া করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ খাতে ৩৫ লক্ষ টাকা বাজেট বরাদ্দ দেয়া হয়। প্রস্তাবিত বাজেট হতে যানবাহন ক্রয় ও মেরামত খাত বাদ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। |

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>আলোচ্য সূচী</th><th>বিস্তারিত আলোচনা</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>০৩.</td><td>যাচাইকৃত আবেদনসমূহ অনুমোদন</td><td>
(ক) মহাপরিচালক জানান বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের ২২তম বোর্ড সভার জন্য বিভিন্ন জেলা থেকে প্রাপ্ত আবেদনপত্র সমূহ ডকেটিং এর পর যাচাই-বাছাই কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করা হয়েছে। যাচাই-বাছাই-এর পর নিম্নোক্ত ৩টি ক্যাটাগরীতে মোট ১২৯৩ টি (ভূতাপেক্ষ অনুমোদনসহ) আবেদনপত্র প্রাথমিকভাবে চূড়ান্ত করা হয়েছে (তালিকা সংযুক্ত):
<table>
<tr><td>মৃত শ্রমিক</td><td>৩৮ জন</td><td>১১,১০,০০০/-</td></tr>
<tr><td>চিকিৎসা সহায়তা (ভূতাপেক্ষ অনুমোদন ০২ টি সহ)</td><td>১১৯০ জন</td><td>৩,২৭,৭০,০০০/-</td></tr>
<tr><td>শ্রমিকদের মেধাবী সন্তানদের উচ্চ শিক্ষা</td><td>৫৫ জন</td><td>১৬,৮৫,০০০/-</td></tr>
<tr><td>জরুরী চিকিৎসা (ভূতাপেক্ষ অনুমোদন ০৫টি)</td><td>০৫ জন</td><td>২,৫০,০০০/-</td></tr>
<tr><td>সভায় উপস্থাপিত</td><td>০৫ জন</td><td>১,৬৫,০০০/-</td></tr>
<tr><td>মোট</td><td>১২৯৩ জন</td><td>৩,৫৯,৮০,০০০/-</td></tr>
</table>
কথায়ঃ তিন কোটি উনষাট লক্ষ আশি হাজার টাকা মাত্র।<br>
ইতোমধ্যে মোট ০৭ (সাত) জন শ্রমিক ও শ্রমিকের পরিবারকে (তালিকায় বর্ণিত) মোট ৪,৪০,০০০/- (চার লক্ষ চল্লিশ হাজার) টাকা যথাযথ কতৃপক্ষের অনুমোদনক্রমে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে বিধায় সেই অর্থের ভূতাপেক্ষ অনুমোদন প্রয়োজন। অদ্যকার বোর্ড সভায় প্রস্তাব অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>
সভায় সম্প্রতি দাখিলকৃত জরুরী চিকিৎসা সহায়তা প্রয়োজন এরূপ আরো ৫টি আবেদনের বিষয়ে আলোচনা হয়। বোর্ড সভায় উপস্থিত সদস্যগণ যাচাইকৃত আবেদনসমূহের গুরুত্ব বিবেচনা করে ৫টি আবেদনের অনুকূলে মোট ১,৬৫,০০০ (এক লক্ষ পঁয়ষট্রি হাজার) টাকা অনুমোদনের প্রস্তাব করেন।<br>
(খ) সভায় জানান হয় শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের আর্থিক অনুদান সরকারের একটি ইতিবাচক শ্রমিকবান্ধব কার্যক্রম। শ্রমিকদের মাঝে এ বিষয়ে অধিকহারে প্রচারণা প্রয়োজন বিধায় সভায় শিওরক্যাশের মাধ্যমে আর্থিক অনুদান প্রদানের পরিবর্তে স্থানীয় জনপ্রতিনিধি ও প্রশাসনের কর্মকর্তাদের উপস্থিতিতে আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে উপস্থিত বোর্ড সদস্যগণ অভিমত ব্যক্ত করেন।
</td><td>
(ক) সভায় সর্বসম্মতিক্রমে উপস্থাপিত ১২৯৩টি আবেদনের অনুকূলে বিভিন্ন খাতে মোট ৩,৫৯,৮০,০০০/- (তিন কোটি উনষাট লক্ষ আশি হাজার) টাকা মাত্র অনুমোদন করা হয়।<br><br>
(খ) সভায় শিওরক্যাশের পরিবর্তে চেকের মাধ্যমে আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
</td></tr>
</table>

| ক্রমিক নং | আলোচ্য সূচী | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৪. | যাচাই-বাছাই কমিটিতে দুই জন ডাক্তারের অন্তর্ভুক্তি ও সম্মানী প্রদান | (ক) মহাপরিচালক জানান বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের প্রতিনিয়ত আর্থিক সহায়তার আবেদন ব্যাপক হারে বৃদ্ধি পাচ্ছে। ফলে যাচাই-বাছাই কমিটিতে জরুরী ভিত্তিতে আরও দুই জন ডাক্তার সদস্য অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত দু'জন ডাক্তারকে যাচাই-বাছাই কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্তি এবং বিধি মোতাবেক সম্মানী প্রদানের বিষয়টি ভূতাপেক্ষ অনুমোদনের জন্য বোর্ড সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) এছাড়াও সম্প্রতি বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের পরিচালক হিসেবে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের যুগ্ম সচিব, শাকিলা জেরিন আহমেদ-কে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের আবেদন যাচাই-বাছাই এর জন্য পরিচালক-কে কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য বিষয়টি বোর্ড সভায় উপস্থাপন করা হয়। | (ক) বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের নবনিযুক্ত দুইজন ডাক্তারকে যাচাই বাচাই কমিটির সদস্য হিসাবে নিয়োগের তারিখ থেকে অন্তর্ভুক্ত করা হয়। এবং বিধি মোতাবেক সম্মানি প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের পরিচালক হিসেবে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের যুগ্ম সচিব শাকিলা জেরিন আহমেদকে (অতিরিক্ত দায়িত্ব) প্রদান করা হয়েছে। বিষয়টি বোর্ড সভায় অনুমোদন করা হয় এবং ফাউন্ডেশনের আবেদন যাচাই বাচাই এর জন্য পরিচালককে কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) যথাযথভাবে আবেদনসমূহ যাচাইপূর্বক বিধি মোতাবেক বোর্ড সভার উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৫. | বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের আর্থিক বিবরণী | মহাপরিচালক বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের আর্থিক বিবরণী উপস্থাপন করেন।<br>ক. বিভিন্ন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত লভ্যাংশের পরিমানঃ ৪৭৬ কোটি ৮২ লক্ষ টাকা অদ্য তারিখ পর্যন্ত<br>খ. শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের তহবিলঃ ২৭ কোটি ৭৯ লক্ষ<br>গ. প্রফিট অব ফাউন্ডেশন ফান্ডঃ ১৭ কোটি ৯১ লক্ষ<br>ঘ. স্থায়ী আমানতের পরিমানঃ ৪৫৩ কোটি ৫০ লক্ষ।<br>বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের তহবিল বৃদ্ধির বিষয়ে বিভিন্ন প্রতিষ্ঠানকে শ্রম আইন-২০০৬ সংশ্লিষ্ট ধারায় উল্লেখপূর্বক পত্র জারি বৃদ্ধি করা প্রয়োজন মর্মে সকলে মতামত ব্যক্ত করেন। | বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন এর তহবিল সম্প্রসারণ এর জন্য বিভিন্ন কোম্পানিকে বিধি মোতাবেক মুনাফার ০.৫% বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে জমা প্রদানের জন্য প্রতি মাসে কমপক্ষে ৫০টি পত্র প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৬. | ফাউন্ডেশন এর অডিট কার্যক্রম | (ক) বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন-এর ২০০৭-২০০৮ হতে ২০১৬-২০১৭ অর্থ বছর পর্যন্ত অডিট কার্যক্রম Mohammad Ata Karim & Co., Chartered Accountants, Purana Paltan, Dhaka দ্বারা সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ২০১৭-২০১৮ হতে ২০১৯-২০২০ এর অডিট কার্যক্রম করা প্রয়োজন। উক্ত সময়ে অডিট কার্যক্রমের জন্য একটি ফার্ম মনোনয়ন প্রয়োজন। বিষয়টি অদ্য বোর্ড সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>(খ) বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন আইন-২০০৬ এর ১৬ ধারা অনুযায়ী মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয় কর্তৃক ফাউন্ডেশনের অডিট কার্যক্রম পরিচালনার বিষয় উল্লেখ রয়েছে। এমতাবস্থায় উল্লিখিত কার্যালয়কে অডিট কার্যক্রম পরিচালনার জন্য পত্রের মাধ্যমে অনুরোধ করা যেতে পারে। বিষয়টি অদ্য বোর্ড সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | (ক) যথাযথ প্রক্রিয়ায় বেসরকারী অডিট কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয়ের মাধ্যমে নিরীক্ষার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| ক্রমিক নং | আলোচ্য সূচী | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৭. | বিবিধ | (ক) সম্মানী খাতে বরাদ্দ আলোচনা কালে পরিচালনা বোর্ড সভার কয়েকজন সদস্য যাচাই বাচাই কমিটির সভা ও বোর্ড সভার সম্মানী বৃদ্ধির বিষয়ে প্রস্তাব করেন। আবেদনের সংখ্যা দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে। এ আবেদন গুলো যাচাই বাচাই প্রক্রিয়া জটিল ও সময় সাপেক্ষ এবং অনেক পরিশ্রমের কাজ বিধায় কয়েকজন সদস্য এ প্রস্তাব উপস্থাপন করেন।<br>(খ) চুড়িহাট্টা অগ্নিকান্ড দুর্ঘটনায় নিহত ২৭ জনকে ৫২ লক্ষ ৫০ হাজার টাকা প্রদান করা হয়েছে এবং জরুরী আর্থিক সহায়তা বাবদ ১০ জনকে ৫ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। অনুমোদিত চেকসমূহ বিতরনের লক্ষ্যে শ্রম অধিদপ্তর প্রেরণ করা হয়েছে। চুরিহাট্টায় দুর্ঘটনায় প্রদানকৃত আর্থিক সহায়তার প্রতিবেদন সংরক্ষণ করা প্রয়োজন।<br>(গ) লালমনিরহাট পাথর ভাংগা শ্রমিকদের অবস্থা আন্ত:মন্ত্রণালয় কর্তৃক সরেজমিন পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনের পর কমিটি কর্তৃক সুপারিশ পেশ করা হয়েছে। সুপারিশের আলোকে পরবর্তী প্রয়োজনীয় কাযক্রম গ্রহণ করা প্রয়োজন। | (ক) সম্মানী বৃদ্ধির বিষয়টি যাচাই-বাছাইয়ের পর পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) চুড়িহাট্টার দূর্ঘটনার আর্থিক সহায়তা প্রদানের ফলো-আপ প্রতিবেদন প্রেরণের জন্য শ্রম অধিদপ্তরে পত্র প্রেরণ করা হবে।<br>(গ) এ সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় কমিটির প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে একটি কায পরিকল্পনা (Action Plan) তৈরী করতে হবে। এ বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সংস্থাপন শাখায় পত্র প্রেরণ করতে হবে। |

সভাপতি বলেন, শ্রমিক কল্যান ফাউন্ডেশন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের একটি গুরুত্বপূর্ণ সংস্থা। শ্রমজীবি মানুষের কল্যাণে এ সংস্থা উল্লেখযোগ্য অবদান রাখছে। শ্রমিক কল্যান ফাউন্ডেশনের কাযক্রমে অধিকতর গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার বিষয়ে সভাপতি বিশেষ গুরুত্বারোপ করেন।

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বা. ৩০/৯/2020

বেগম মন্নুজান সুফিয়ান, এম.পি

প্রতিমন্ত্রী

ও

চেয়ারম্যান

পরিচালনা বোর্ড

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।